**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৬/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ৬ আগস্ট ২০১৭, ২২ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সব জেলায় শিশু হাসপাতাল হবে : স্বাস্থ্যমন্ত্রী

২। সারা দেশে দুই কোটি শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে

৩। ফিলিপাইনে মামলা থাকায় তদন্ত প্রতিবেদন প্রকাশ করা যাচ্ছে না : অর্থমন্ত্রী

৪। নির্বাচন যথা সময়ে সংবিধান অনুযায়ীই হবে : বাণিজ্যমন্ত্রী

৫। শোক দিবসের নামে কোনো চাঁদাবাজি চলবে না : সেতুমন্ত্রী

৬। ষোড়শ সংশোধনী বাতিলের সঙ্গে সরকার অপসারণের সম্পর্ক নেই : তথ্যমন্ত্রী

৭। অর্থনীতিতে আইসিএসবির ভূমিকা বাড়ানোর তাগিদ অর্থপ্রতিমন্ত্রীর

৮। চাল আমদানিতে কম্বোডিয়ার সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর

৯। আজ বাইশে শ্রাবণ, বিশ্বকবির ৭৬তম মৃত্যুবার্ষিকী

চলমান পাতা-২

**১।	সব জেলায় শিশু হাসপাতাল হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, পর্যায়ক্রমে দেশের প্রতিটি জেলায় শিশু হাসপাতাল করা হবে। গতকাল ৫ আগস্ট শনিবার রাজধানীর শেরেবাংলা নগরে শিশু হাসপাতালে ৬ মাস থেকে ৫৯ মাস বয়সী শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর কর্মসূচি উদ্বোধনকালে স্বাস্থ্যমন্ত্রী এ ঘোষণা দেন। ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়াতে শিশুদের টিকাদান কেন্দ্রে নিয়ে যাওয়ার পাশাপাশি অন্যদের উৎসাহিত করার জন্য অভিভাবকদের প্রতি আহ্বান জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

**২।	সারা দেশে দুই কোটি শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে**

জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনের আওতায় গতকাল ৫ আগস্ট শনিবার আনন্দমুখর পরিবেশে সারাদেশে ২ কোটি'র বেশি শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে। গতকাল শনিবার শ্যামলীর ঢাকা শিশু হাসপাতালে এই ক্যাম্পের উদ্বোধন করেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭)।

**৩।	ফিলিপাইনে মামলা থাকায় তদন্ত প্রতিবেদন প্রকাশ করা যাচ্ছে না : অর্থমন্ত্রী**

ফিলিপাইনে মামলা থাকায় বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির তদন্ত প্রতিবেদন প্রকাশ করা যাচ্ছে না বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, মামলাটি একটি পর্যায়ে গেলে প্রতিবেদন প্রকাশ করা হবে। গতকাল ৫ আগস্ট শনিবার নগরীর একটি হোটেলে সিলেট সিটি করপোরেশনের উদ্যোগে মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা শেষে গণমাধ্যমকর্মীদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৪।	নির্বাচন যথা সময়ে সংবিধান অনুযায়ীই হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, আগামী নির্বাচনকালীন বর্তমান সরকার থাকবে, সংসদ থাকবে, নির্বাচন পরিচালনা করবে নির্বাচন কমিশন। বিএনপি যত প্রস্তাবই দিক না কেন, নির্বাচন যথা সময়ে সংবিধান অনুযায়ীই হবে। সহায়ক সরকার বলতে সংবিধানে কোনো শব্দ নেই। পৃথিবীর কোনো সংবিধানেই এমন শব্দ নেই। গতকাল ৫ আগস্ট শনিবার ভোলার চরফ্যাশনে এক সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৩), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৮,ক.১)।

**৫।	শোক দিবসের নামে কোনো চাঁদাবাজি চলবে না : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, শোক দিবসের নামে কোনো রকম চাঁদাবাজি চলবে না। গতকাল ৫ আগস্ট শনিবার ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি) ভবনের সামনের সড়কে অস্থায়ী মঞ্চে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে ডিএসসিসি আয়োজিত নাগরিক শোক র‍্যালিতে প্রধান

অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২ )।

**৬। ষোড়শ সংশোধনী বাতিলের সঙ্গে সরকার অপসারণের সম্পর্ক নেই : তথ্যমন্ত্রী**

ষোড়শ সংশোধনী বাতিল হওয়ায় সরকারে পদত্যাগ বা অপসারণ বিষয়ে বিএনপি নেতাদের বক্তব্যের জবাবে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, ষোড়শ সংশোধনী বাতিল হয়েছে, এখানে সংবিধানের একটি অংশের অনুচ্ছেদ বাতিল হয়েছে। সরকার গঠন এবং সরকার অপসারণ করার একটি আইনগত সাংবিধানিক বিধান আছে। সুতরাং কারো কথায় সরকার গঠনও হয় না, কারো বিবৃতির দোহাই দিয়ে সরকার অপসারণও হয় না। গতকাল ৫ আগস্ট শনিবার কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমলা বাজারে মা কম্পিউটার ট্রেনিং সেন্টারে একটি কর্মশালা উদ্বোধনকালে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৮,ক.৭), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

**৭। অর্থনীতিতে আইসিএসবির ভূমিকা বাড়ানোর তাগিদ অর্থপ্রতিমন্ত্রীর**

অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এম এ মান্নান বলেছেন, দেশের অর্থনীতির আকার দিন দিন বড় হচ্ছে। এ অবস্থায় অর্থনীতিতে সবার ভূমিকা বাড়াতে হবে। এক্ষেত্রে ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ ( আইসিএসবি) গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। গতকাল ৫ আগস্ট শনিবার রাজধানীর একটি হোটেলে আইসিএসবি আয়োজিত ২০১৭-১৮ অর্থবছরের জাতীয় বাজেট ও অর্থবিল ২০১৭ সংক্রান্ত সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১)।

**৮। চাল আমদানিতে কম্বোডিয়ার সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর**

আগামী পাঁচ বছরে ১০ লাখ টন চাল আমদানির জন্য কম্বোডিয়ার সঙ্গে সমঝোতা চুক্তি (এমওইউ) স্বাক্ষর করেছে বাংলাদেশ। কম্বোডিয়ার রাজধানী নমপেনে বাংলাদেশের খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম ও কম্বোডিয়ার বাণিজ্যমন্ত্রী প্যান সোরাকাসের মধ্যে এ ব্যাপারে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তির আওতায় বাংলাদেশ এ বছর আড়াই লাখ টন চাল আমদানি করবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৪,ক.১)।

**৯। আজ বাইশে শ্রাবণ, বিশ্বকবির ৭৬তম মৃত্যুবার্ষিকী**

আজ বাইশে শ্রাবণ। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৭৬তম মৃত্যুবার্ষিকী। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন উপলক্ষে সরকারি ও বেসরকারিভাবে রাজধানী ঢাকাসহ সারাদেশে বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** বরিশাল নগরীতে প্রায় অর্ধশত ঝুঁকিপূর্ণ ভবন রয়েছে উল্লেখ করে সারাদেশে এ রকম ঝুঁকিপূর্ণ ভবন চিহ্নিত করে সংস্কার বা অপসারণের ওপর গুরুত্বারোপ।

**খ.** **সংবাদ :** রাজধানীর জলাবদ্ধতা নিরসনে দুই সিটি করপোরেশন, পানি উন্নয়ন বোর্ড ও ওয়াসাকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঐতিহ্যবাহী স্থাপনা হিসেবে সুপরিচিত রাজধানীর **৯৩টি** প্রাচীন প্রত্নতাত্ত্বিক নিদর্শন ও স্থান সংরক্ষণের ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার নির্দেশনা দেওয়ার কথা উল্লেখ করে এসব স্থাপনার বেহাল দশা থেকে পূর্বের অবস্থায় ফিরিয়ে আনতে প্রধানমন্ত্রীর নির্দেশনার যথাযথ বাস্তবায়ন প্রত্যাশা।

ঘ. **সমকাল :** রাজধানীর বনশ্রীতে এক বাসায় গৃহকর্মী লাইলীর মৃত্যুর জন্য দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

ঙ. **ডেইলি সান :** দেশের ৬১টি বেসরকারি মেডিকেল কলেজের অধিকাংশতেই নিম্নমানের শিক্ষা কার্যক্রম চলার পাশাপাশি শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায়ের বিষয় তুলে ধরে জরুরি ভিত্তিতে এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিয়ে মানসম্মত চিকিৎসা শিক্ষা নিশ্চিত করার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সামাজিক বনায়ন কর্মসূচিতে যেন গ্রামের যুবকদের কর্মসংস্থানের দ্বারা গ্রামের উন্নয়ন ত্বরান্বিত হয় তা নিশ্চিত করাসহ অযথা গাছ কাটা ও বনভূমি অবৈধ দখল বন্ধের ব্যবস্থা করার আহ্বান।

ছ. **ডেইলি স্টার :** নৌ পরিবহণ মন্ত্রণালয়ে ঘুষ লেনদেনের দ্বারা নৌপথে আনফিট নৌযান চলাচল অব্যাহত থাকায় তা বন্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

## উপ-সম্পাদকীয়

**বাংলাদেশ প্রতিদিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সঠিক দিক নির্দেশনা ও নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রণয়ন করতে পারলে আন্তর্জাতিক মানের একটি উন্নত স্বাস্থ্য ব্যবস্থা আমাদের দেশে প্রতিষ্ঠা করা সম্ভব।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সচেতনতাই বাল্যবিয়ে রোধ করতে পারে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, অভিভাবকসহ সমাজের সব স্তরের জনগণ সচেতন হলে বাল্যবিয়ের অভিশাপ থেকে কিশোরীরা নিশ্চিতভাবে মুক্তি লাভ করবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা